



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর  
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং  
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫  
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি



স্মারক নম্বর: ১২.০১.০০০০.৮৩১.১৬.০০৩.২১.১০১

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০

৩১ আগস্ট ২০২৩

বিষয়: **জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ জোরদারকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স” এর নির্বাহী কমিটির ১২ তম সভায় 'জাতীয় ওয়েব পোর্টালের মাধ্যমে তথ্য প্রাপ্তি সহজলভ্য করার জন্য মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং মাঠ পর্যায়ে পরিচালিত ওয়েব পোর্টালসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে' মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

২। উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এ 'তথ্য বাতায়নের মেইন মেনুর (Menu) আওতাধীন সাবমেনুসমূহ (Sub-menu); সেবা বক্সের সকল লিংক; সকল কর্মকর্তার ব্যক্তিগত ও কর্পোরেট মোবাইল ও টেলিফোন নম্বর; ছবি ও ব্যক্তিগত ও কর্পোরেট ই-মেইলসহ তালিকা; নোটিশ বোর্ড; বার্ষিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা; জাতীয় শুদ্ধাচার কার্যক্রম; সেবা প্রদান প্রতিশ্রুতি; অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা; তথ্য অধিকার; উদ্ভাবন, সেবা সহজিকরণ ও ই-গভর্ন্যান্স সংক্রান্ত কার্যক্রম; বিভিন্ন কার্যক্রমের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের তালিকা ইত্যাদি তথ্যাদি নিয়মিত হালনাগাদ করা প্রয়োজন।

৩। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের ওয়েব পোর্টালগুলি নিয়মিত ও তাৎক্ষণিক হালনাগাদ করা না হলে একদিকে যেমন সেবা গ্রহীতাগণ কাঙ্ক্ষিত সেবা প্রাপ্তি থেকে বঞ্চিত হবে, অন্যদিকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ প্রক্রিয়া বাধাগ্রস্ত হবে যা কোনভাবেই কাঙ্ক্ষিত নয়।

৪। বর্ণিত প্রেক্ষাপটে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের ওয়েব পোর্টাল বা তথ্য বাতায়নসমূহ হালনাগাদ করার পাশাপাশি আপনার দপ্তর হতে একজন ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম, পদবি, মোবাইল নম্বর, আগামী ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে নিম্নে প্রদত্ত লিংকে প্রবেশ করে অথবা QR code স্ক্যান করে চাহিত তথ্যাদি প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

তথ্য প্রদানের লিংকঃ <https://forms.gle/6bTUP5j6CwkbTdB38> (এখানে ক্লিক করুন)

QR code:



৩১-৮-২০২৩

মোঃ রেজাউল করিম

পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: +৮৮০২৫৫০২৮৩০৮

ইমেইল: [dppiictw@dae.gov.bd](mailto:dppiictw@dae.gov.bd)

বিতরণ :

- ১) অতিরিক্ত পরিচালক (সকল অঞ্চল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ২) অধ্যক্ষ (সকল), কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট।
- ৩) উপপরিচালক (সকল জেলা), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৪) উপপরিচালক, হার্টিকালচার সেন্টার (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৫) উপপরিচালক (সকল), উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৬) অতিরিক্ত উপপরিচালক (সকল), উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র/আইসিডি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৭) উপজেলা কৃষি অফিসার (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৮) উদ্যানতত্ত্ববিদ, হার্টিকালচার সেন্টার (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৯) সংগনিরোধ রোগতত্ত্ববিদ (সকল), উদ্ভিদ সংগনিরোধ কেন্দ্র, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ১০) নার্সারী তত্ত্বাবধায়ক, হার্টিকালচার সেন্টার (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

স্মারক নম্বর: ১২.০১.০০০০.৮৩১.১৬.০০৩.২১.১০১/১(১১)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০  
৩১ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক (সকল), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ২) চীফ ইনোভেশন অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) অতিরিক্ত উপপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ৪) সহকারী প্রোগ্রামার, আইসিডি ব্যবস্থাপনা অধিশাখা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর



৩১-৮-২০২৩

মোছাঃ মাহবুবা খাতুন

উপপরিচালক